দৈনিক ইত্তেফাক

তারিখ MAR. 1 6 1999
পৃষ্ঠা : ৪ কলাম ৪

113

# প্রসঙ্গ ঃ ষষ্ঠ শ্রেণীর ইংরেজী পাঠ্য বইতে অজস্র ভুল

বিগত ৫-৩-১৯৯৯ তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকার চিঠিপত্র কলামে ষষ্ঠ শ্রেণীর ইংরেজী পাঠ্য বইতে অজস্র ভুল শিরোনাম দিয়া যেই অভিযোগটি ঢাকার শান্তিবাগের জনাব আবদুল মোমেন করিয়াছেন তাহা আমার দৃষ্টি আকর্ষণ করিয়াছে। তিনি উক্ত বইতে অজস্র ভুল রহিয়াছে বলিয়া মন্তব্য করিলেও উদাহরণস্বরূপ ষষ্ঠ শ্রেণীর পাঠ্য বই হইতে মাত্র দুইটি বাক্য বা সেনটেন্স দেখাইয়াছেন। তাহার অভিযোগকৃত প্রথম বাক্যটি হইল 'হি গ্রোজ রাইস, জুট এন্ড ভেজিটেবলস দেয়ার'। তাহার মতে, উক্ত বাক্যে রাইস-এর পরিবর্তে প্যাডি হইবে। এইজন্য তিনি সেনটেন্সটি ভুল বলিয়াছেন। আসলে উক্ত বাক্যটি পুরাপুরি সঠিক। ইহাতে কোন ভুল নাই। মনে হয় তিনি রাইস শব্দের অর্থ চাউল আর প্যাডি শব্দের অর্থ ধান বুঝাইতে চাহিয়াছেন। কিন্তু রাইস ও প্যাডি উভয়ই সমার্থ জ্ঞাপক শব্দ। চাউল, ভাত ও ধানের প্রকৃত ইংরাজী হইল রাইস। অক্সফোর্ড এডভান্সড লারনার্স ডিকশনারী অনুযায়ী রাইস-এর সংজ্ঞা হইল 'এ টাইপ অফ গ্রাস গ্রোন অন ওয়েট ল্যান্ড ইন হট কান্ট্রিজ, এস্পেশালি ইন ইস্টার্ন এশিয়া, প্রোডিউসিং সীড্স দ্যাট আর কুকড এন্ড ইউজড এ্যাজ ফুড।' অর্থাৎ পূর্ব এশিয়ার গ্রীষ্মপ্রধান দেশসমূহের সেঁতসেতে ভূমিতে জন্মে এমন এক জাতীয় ঘাস, যাহার বীজ রান্না করিয়া খাওয়া হয়। সুতরাং এইখানে রাইস অর্থ যে ধান তাহাতে কোন সন্দেহ নাই। অতএব বইয়ের বাক্যটিকে ভুল বলা যাইবে না।

তাহার অভিযোগকৃত দ্বিতীয় বাক্যটি হইল 'হ্যাভ ইউ এনি ব্রাদার্স অর সিস্টার্স'। তাহার মতে, এনি শব্দের পরে সিঙ্গুলার নাউন অর্থাৎ ব্রাদার ও সিস্টার হইবে প্লুরাল নাউন ব্রাদার্স ও সিস্টার্স হইবে না। এইখানেও তিনি অজ্ঞতার পরিচয় দিয়াছেন। এনি শব্দটির পরে শুধু সিঙ্গুলার নাউন নহে প্লুরাল নাউনও বসিতে পারে। নিম্নে এনি শব্দের প্রয়োগবিধি দেখানো হইল।

১। এ সিঙ্গুলার ও প্লুরাল উভয় নাউন-এর পূর্বে এনি ব্যবহৃত হয়। যেমন– (ক) ইজ দেয়ার এনি ওয়াটার অন দি মুন? (খ) হ্যাভ ইউ এনি ব্রাদার্স অর সিস্টার্স?

২। নেগেটিভ সেন্টেন্স-এ এনি শব্দটি ব্যবহৃত হয়। যেমন - হি ডাজ নট স্পিক এনি ইংলিশ এট অল।

৩। এনি শব্দের পরে শুধু নাউন নহে পজিটিভ ও কম্পারেটিভ এডজেকটিভও থাকিতে পারে। যেমন (ক) ইজ দি ফিল্ম এনি গুড? (খ) ক্যান ইউ গো এনি ফাস্টার?

৪। প্রত্যেক ব্যক্তি, বস্তু বা প্রাণীকে সাধারণভাবে বুঝাইতে হ্যাঁ-বাচক বাক্যেও এনি ব্যবহৃত হয়। যেমন- এনি চাইল্ড ক্যান লার্ন টু সুইম। আশাকরি ইহার পর উক্ত পত্রলেখকের ভুল ধারণার অবসান হইবে।

মুহাম্মদ আবদুল মন্নান ইয়াকুবী
সিনিয়র ইংরেজী শিক্ষক,
এফসিএস ক্যাডেট কলেজ,
চট্টগ্রাম।